



শিক্ষা প্রশাসনের রদবদল ১৮ জন ওএসডি নতুন পদায়ন ২৬

প্রকাশিত: ২৬ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || শিক্ষা প্রশাসনে বড় ধরনের রদবদল করেছে মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি), শিক্ষা বোর্ডসহ বিভিন্ন দফতরের গুরুত্বপূর্ণ পদে পরিবর্তন আনা হয়েছে। ১৮ জনকে ওএসডি (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও ২৬ জনকে নতুন পদে পদায়ন করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর শাহেদুল খবির চৌধুরীকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) কলেজ ও প্রশাসন শাখার পরিচালক, একই অধিদফতরের সরকারী কলেজ শাখার উপ-পরিচালক পদে সংযুক্ত থাকা অধ্যাপক প্রবীর কুমার ভট্টাচার্যকে প্রশিক্ষণ শাখার পরিচালক এবং ওএসডি থাকা প্রফেসর আমির হোসেনকে মাউশির পরিচালক (এম এ্যান্ড ই উইং, সেসিপ) করা হয়েছে। দীর্ঘদিন পর শিক্ষা প্রশাসনের এই বড় রদবদলকে স্বাগত জানানো হচ্ছে। তাদের মধ্যে প্রফেসর শাহেদুল খবির চৌধুরী সোমবারই মাউশিতে যোগদান করলে তাকে সংস্থার সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীরা অভিনন্দন জানান।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

